



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৩.২০.২৩৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭

২৬ জুলাই ২০২০

বিষয়: ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়ে নিয়োগকৃত প্রভাষক মোঃ জহুরুল ইসলাম এর এমপিওভুক্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শেরপুর টাউন ক্লাব পাবলিক লাইব্রেরী মহিলা কলেজের জনাব মোঃ জহুরুল ইসলাম, প্রভাষক (ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা)কে উচ্চ মাধ্যমিক পর্যায়ে এর এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত কামনা করে এমপিওভুক্ত করার বিষয়ে আদেশ দেওয়ার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

নিয়োগ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

ক্রম	নাম, পদবী ও শিক্ষাগত যোগ্যতা	বিবরণ
(ক)	জনাব মোঃ জহুরুল ইসলাম প্রভাষক (ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা) এস.এস.সি-১৯৯৭(১ম) এইচ.এস.সি-১৯৯৯(১ম) বি.কম(সম্মান)-২০০৩(২য়) এম.কম(ব্যবস্থাপনা)-২০০৪(২য়) নিবন্ধন : ১০০০৭৮৪৯ (২০১০) জন্মতারিখ-২০/০৯/১৯৮২	এমপিও কোড:৭৬০৯০৪৩২০১ বিষয়: এমপিওভুক্ত নিয়োগ সিদ্ধান্ত রেজুলেশন : ১৩/০৫/২০১২) দৈনিক সমকাল : ১৬/০৫/২০১২ নিয়োগ অনুমোদন : ১৭/০৯/২০১২ নিয়োগ পরীক্ষার ফলাফল-১ম নিয়োগ পত্র : ২৩/০৯/২০১২ যোগদান : ২৪/০৯/২০১২

প্রতিষ্ঠানটি ডিগ্রি পর্যায় পর্যন্ত এমপিওভুক্ত। প্রতিষ্ঠানটিতে ২৯/০৬/২০১৩খ্রি. তারিখে ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়ের স্বীকৃতি দেয়া হয় এবং ২০১৪ সাল পর্যন্ত বহাল ছিল। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং-৩/কল/বগ/৩১১(২য়)৯১, তারিখ-২৫/০৫/২০১৫খ্রি. মোতাবেক ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়টি বাতিল করা হয়। জনাব মোঃ জহুরুল ইসলাম, প্রভাষক (ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা) গত ২৪/০৯/২০১২খ্রি. তারিখে যোগদান করেন। কিন্তু পাঠ্যক্রমে পরিবর্তন হওয়ায় ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়টি বাতিল হওয়ায় তিনি এমপিওভুক্ত হতে পারছেন না। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/ ২০১২/৪১৪, তারিখ-১১/১২/২০১৩এর শর্তে বলা আছে বর্তমানে কর্মরত এমপিওভুক্ত অথবা বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক বা শিক্ষিকাকে শিক্ষাক্রমে বিষয় পরিবর্তনের কারণে চাকুরিচ্যুত বা এমপিও বাতিল করা যাবে না অথবা এমপিও প্রাপ্তির ক্ষেত্রে কোন বাধা থাকবে না।

এমতাবস্থায়, জনাব মোঃ জহুরুল ইসলাম, প্রভাষক (ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা) এর নিয়োগ যথাযথ থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/ ২০১২/৪১৪, তারিখ-১১/১২/২০১৩ মোতাবেক ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা বিষয়ে এমপিওভুক্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

২৬-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল,  
রাজশাহী
- ২) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা,  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ  
শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৩.২০.২৩৮/১

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৭  
২৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিংবডি, শেরপুর টাউন ক্লাব পাবলিক লাইব্রেরী মহিলা কলেজ, বগুড়া।
- ২) অধ্যক্ষ, শেরপুর টাউন ক্লাব পাবলিক লাইব্রেরী মহিলা কলেজ, বগুড়া।
- ৩) জনাব মো: জহুরুল ইসলাম, প্রভাষক (ব্যবসা উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা), শেরপুর টাউন ক্লাব  
পাবলিক লাইব্রেরী মহিলা কলেজ, বগুড়া
- ৪) সংরক্ষণ নথি।



২৬-৭-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক